

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর।
www.gangni.meherpur.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫৭৪৭.০০০.১৮.০০২.২০ - ১৩৭

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬
১০ ফেব্রুয়ারি ২০২০

“ প্রকাশ্য ইজারা বিজ্ঞপ্তি ”

জেলা প্রশাসক ইকো পার্ক, ভাটপাড়া, গাংনী, মেহেরপুরের (১) কিডস জোন, (২) পার্কিং জোন (৩) ফলমহাল (৪) মেডিসিন গার্ডেন (৫) টয়লেট (৬) খাসপুকুর ও (৭) পিকনিক কর্নার ১০ মাসের জন্য (১ মার্চ হতে ৩১ ডিসেম্বর ২০২০) প্রকাশ্য ইজারা ডাকের মাধ্যমে প্রকৃত আগ্রহী ব্যবসায়ী/ ইজারাদারদের নিকট ইজারা প্রদান করা হবে।

১	ইজারা আহবানকারী দপ্তরের নাম	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী, মেহেরপুর।		
২	ক্রয় পদ্ধতি	ডাকের মাধ্যমে প্রকাশ্যে ইজারা		
৩	দরপত্রের উৎস	গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার		
৪	দরপত্রের নাম	জেলা প্রশাসক ইকো পার্ক, ভাটপাড়া, গাংনী, (১) কিডস জোন, (২) পার্কিং জোন (৩) ফলমহাল (৪) মেডিসিন গার্ডেন (৫) টয়লেট (৬) খাসপুকুর ও (৭) পিকনিক কর্নার		
৫	প্রকাশ্য ইজারা ডাকের স্থান	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী।		
৬	ইজারা ডাকে অংশগ্রহণ মূল্য	১,০০০/- (এক হাজার) টাকা। (অফেরতযোগ্য)।		
৭	ইজারা ডাকের স্থান ও সময়	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী, মেহেরপুর। নিম্নে উল্লেখিত তারিখে বেলা ১১.০০ ঘটিকায়।		
প্রকাশ্য ইজারা ডাকের তারিখসমূহ (১ম তারিখে ইজারা ডাক বিবেচিত হলে পরবর্তী তারিখগুলো প্রযোজ্য হবে না)।				
১ম তারিখ		২য় তারিখ	৩য় তারিখ	৪র্থ তারিখ
১৭.০২.২০২০		১৮.০২.২০২০	১৯.০২.২০২০	২০.০২.২০২০

শর্তাবলী :

- ০১। ইজারা ডাককারীকে উল্লিখিত দরের ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ হিসেবে তাৎক্ষণিকভাবে নগদ অর্থ অথবা যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গাংনী, মেহেরপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২। কর্তৃপক্ষ কর্তৃক দরপত্র গৃহীত হবার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৫০% (শতকরা পঞ্চাশ ভাগ) অর্থ এবং দাখিলকৃত দরের উপর অতিরিক্ত আয়কর এবং ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই বিধি মোতাবেক একই সঙ্গে পরিশোধ করতে হবে।
- ০৩। সমুদয় ইজারার মূল্য (জামানত, ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ০৪। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।
- ০৫। সরকারী অর্থ আদায় আইন (পি.ডি.আর.এ্যাক্ট) অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে বকেয়া ইজারার অর্থ আদায় করা যাবে।
- ০৬। ইজারার সমুদয় টাকা একই সঙ্গে পরিশোধ করতে হবে। কিস্তিতে বা আংশিক পরিশোধ করা যাবে না।
- ০৭। দরদাতাকে অবশ্যই দরপত্রের উল্লিখিত শর্তসমূহ ও সরকারের বিভিন্ন সময়ে অর্পিত শর্তাবলী প্রতিপালন করতে হবে।
- ০৮। দরপত্র দাতাকে ২০১৯-২০২০ অর্থ বছরের আয়কর পরিশোধের সনদ পত্রের সত্যায়িত কপি (টি আই এননম্বরসহ) এবং আয়কর পরিশোধের ট্রেজারী চালানের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৯। কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১০। হালনাগাদ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- ১১। নাগরিক সনদপত্র থাকতে হবে।
- ১২। সরকারি দর উল্লেখ করতে হবে
- ১৩। কোন রাইডের জন্য ২০ (বিশ) টাকার উর্ধ্বে নেয়া যাবে না।


১০.০২.২০২০

(দিলারা রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
গাংনী, মেহেরপুর।
ফোন ৪০৭৯২২-৭৫০২৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাংনী, মেহেরপুর।
www.gangni.meherpur.gov.bd

স্মারক নং- ০৫.৪৪.৫৭৪৭.০০০.১৮.০০২.২০-১৩৭

তারিখঃ ২৭ মাঘ ১৪২৬
১০ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

০১। জেলা প্রশাসক, মেহেরপুর

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর/মুজিবনগর।

০২। মেয়র, গাংনী পৌরসভা।

০৩। সহকারী কমিশনার (ভূমি), গাংনী/মেহেরপুর সদর/মুজিবনগর।


০৪। উপজেলা.....অফিসার, গাংনী।

✓ ০৫। সহকারী প্রোগ্রামার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাংনী (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

০৬। চেয়ারম্যান.....ইউপি। (বিজ্ঞপ্তিটি টোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..... ইউনিয়ন ভূমি অফিস। (বিজ্ঞপ্তিটি টোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক এক প্রস্থ সার্ভিস রিটার্ন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দেয়ার জন্য বলা হলো)

০৮। অফিসের নোটিশ বোর্ড।


10.02.2020

(দিলারা রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

গাংনী, মেহেরপুর।

ফোন ৪০৭৯২২-৭৫০২৭